গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
উন্নয়ন শাখা

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>সচিব |
| সভার তারিখ | ২৬ সেপ্টেম্বর ২০২৩ |
| সভার সময় | সকাল ১১.০০ টা |
| স্থান | সভাকক্ষ, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, বেইলী রোড, ঢাকা। |
| উপস্থিতি | কপি সংযুক্ত |

**বিষয়: বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্প ও উন্নয়ন সহায়তার আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/স্কিমসমূহের বাস্তবায়ন অগ্রগতি আগস্ট, ২০২৩ মাসের মাসিক উন্নয়ন সভার কার্যবিবরণী।**

২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত ১৩টি প্রকল্প ও ৩টি উন্নয়ন সহায়তার আওতায় বাস্তবায়নাধীন স্কিমসমূহের ৩১ আগস্ট, ২০২৩ খ্রি. পর্যন্ত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনার নিমিত্ত মাসিক উন্নয়ন সভা অনুষ্ঠিত হয়। সভায় এ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব বীর বাহাদুর উশৈসিং এম.পি, প্রকল্প/স্কিমসমূহ বাস্তবায়নের সার্বিক অগ্রগতি পর্যবেক্ষণ ও প্রয়োজনীয় দিক নির্দেশনা প্রদানের জন্য উপস্থিত ছিলেন।

০২। সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর মাননীয় মন্ত্রীর শুভেচ্ছা বক্তব্যের পর এ মন্ত্রণালয়ের সম্মানিত সচিব সভার কার্যপত্র উপস্থাপনের জন্য যুগ্মসচিব (উন্নয়ন)-কে আহবান জানান। যুগ্মসচিব (উন্নয়ন) আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন।

**০৩। আলোচ্যসূচি (ক)- গত সভার কার্যবিবরণী পাঠ ও নিশ্চিতকরণ:**
সভায় ২৪ আগস্ট, ২০২৩ তারিখে অনুষ্ঠিত মাসিক উন্নয়ন পর্যালোচনা সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা নিশ্চিত করা হয়।

**আলোচ্যসূচি (খ)- গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

| ক্রম | আলোচ্য বিষয় | গত সভার সিদ্ধান্ত ও বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | তিন পার্বত্য জেলায় কোল্ড স্টোরেজ নির্মাণ | **<u>গত সভার সিদ্ধান্ত:</u>**<br>পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক তিন পার্বত্য জেলায় ০৩টি কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে প্রেরিত ডিএসপি যাচাই-বাছাইপূর্বক তা অনুমোদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>**<u>বাস্তবায়ন অগ্রগতি:</u>**<br>এ মন্ত্রণালয়ের উপসচিব (উন্নয়ন) জানান যে, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক ০৩টি কোল্ড স্টোরেজ নির্মাণের লক্ষ্যে বান্দরবান, রাঙ্গামাটি ও খাগড়াছড়ি পার্বত্য জেলার ৩টি ডিএসপি মন্ত্রণালয়ে পাওয়া গেছে। আগামী ০১/১০/২০২৩ তারিখ প্রাপ্ত ডিএসপিগুলো যাচাই-বাছাই-এর নিমিত্ত সভা আহবান করা হয়েছে। উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রাপ্ত ডিএসপি অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | আগামী ০১/১০/২০২৩ তারিখ অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিকল্পনা-২ শাখা |
| ২ | পরিদর্শন প্রতিবেদন সংক্রান্ত। | **<u>গত সভার সিদ্ধান্ত:</u>**<br>নির্ধারিত সময়ের (৩১ আগস্ট ২০২৩) মধ্যে পরিদর্শন কার্যক্রম শেষ করে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>**<u>বাস্তবায়ন অগ্রগতি:</u>**<br>উপসচিব (উন্নয়ন) জানান যে, স্কিমসমূহ সরেজমিনে পরিদর্শনের জন্য গঠিত ৫টি টিম এর মধ্যে ৪টি টিম কর্তৃক ইতোমধ্যে বান্দরবান ও রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিদর্শন করা হয়েছে। তন্মধ্যে ৩টি টিমের পরিদর্শন প্রতিবেদন পাওয়া গিয়েছে এবং ০১টি টিমের পরিদর্শন প্রতিবেদন এখন পর্যন্ত পাওয়া যায়নি। অপর ০১টি টিম শিঘ্রই পরিদর্শন করবেন বলে সভাকে অবহিত করা হয়। সভাপতি বলেন, স্কিমসমূহ পরিদর্শনের ক্ষেত্রে আগে থেকে কোনো স্কিমের নাম প্রস্তাব করা যাবে না; কেবলমাত্র পরিদর্শনে গিয়ে পরিদর্শনকারী কর্মকর্তা কর্তৃক চাহিদার ভিত্তিতে স্কিমসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিনি আরও বলেন, অবশিষ্ট ১টি টিমের পরিদর্শন কার্যক্রম আগামী ১৫ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করে পরিদর্শন প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করেন। পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট স্কিম বাস্তবায়নকারী সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পত্র দিতে হবে। | (ক) ১৫ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে পরিদর্শন কার্যক্রম শেষ করে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>(খ) দাখিলকৃত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ক) পরিদর্শনকারী কর্মকর্তাগণ<br><br>(খ) পরিকল্পনা-১ শাখা |
| ৩ | ভিডিও ডকুমেন্টারি তৈরি | **<u>গত সভার সিদ্ধান্ত:</u>**<br>এ মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত ভিডিও ডকুমেন্টারিসমূহ প্রর্দশনপূর্বক পর্যালোচনার নিমিত্ত একটি সভা আহবান করতে হবে।_<br>**<u>বাস্তবায়ন অগ্রগতি:</u>**<br>উপসচিব (উন্নয়ন) জানান যে, সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২৯/০৮/২০২৩ তারিখ সভা অনুষ্ঠিত হয়েছে। যুগ্মসচিব (উন্নয়ন) বলেন, সভায় ভিডিও ডকুমেন্টারি-তে কিছু সংশোধনী প্রস্তাব গ্রহণ করা হয়। প্রস্তাব অনুযায়ী ভিডিও ডকুমেন্টারি সংশোধনের কার্যক্রম চলমান রয়েছে। সভাপতি প্রস্তাব অনুযায়ী ভিডিও ডকুমেন্টারি সংশোধনপূর্বক তা দ্রুত প্রকাশের প্রদর্শন ও প্রচারের পরামর্শ প্রদান করেন। | প্রস্তাব অনুযায়ী ভিডিও ডকুমেন্টারি সংশোধনপূর্বক দ্রুত প্রদর্শণ ও প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উন্নয়ন শাখা/ আইসিটি শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | “পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান (২য় পর্যায়)” প্রকল্প | **গত সভার সিদ্ধান্ত:**<br>“পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান” প্রকল্পের আওতায় নির্মিত ৪(চার)টি আবাসিক বিদ্যালয় সরকারিকরণের লক্ষ্যে অবিলম্বে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>**বাস্তবায়ন অগ্রগতি:**<br>উপসচিব (উন্নয়ন) এ বিষয়ে শিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে আলোচনার প্রেক্ষিতে জানান যে, যেহেতু আবাসিক বিদ্যালয়গুলোর পাঠক্রম মাধ্যমিক শ্রেণী পর্যন্ত অনুমোদিত সেহেতু উক্ত বিদ্যালয়গুলোর সরকারিকরণের প্রক্রিয়া শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সম্পাদিত হবে। | ৪(চার)টি আবাসিক বিদ্যালয় সরকারিকরণের লক্ষ্যে গণশিক্ষা মন্ত্রণালয়ের পরিবর্তে শিক্ষা মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | উপসচিব (পরিকল্পনা-২) |

**আলোচ্যসূচি (গ)- ২০২৩-২০২৪ অর্থবছরে বাস্তবায়নাধীন এডিপিভুক্ত প্রকল্প ও উন্নয়ন সহায়তার আওতায় গৃহীত র্কাযক্রমের ৩১ আগস্ট ২০২৩ পর্যন্ত আর্থিক ও বাস্তব অগ্রগতি বিষয়ে আলোচনা:**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | এডিপিভুক্ত প্রকল্প ও উন্নয়ন সহায়তাভুক্ত স্কিমের অগ্রগতি | যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে অবহিত করেন যে, চলতি ২০২৩-২৪ অর্থবছরের বাজেটে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে বরাদ্দ পাওয়া গিয়েছে ৭৫১.৫৭ কোটি টাকা। উক্ত বরাদ্দের মধ্যে ১৩টি অনুমোদিত উন্নয়ন প্রকল্পের অনুকূলে মোট বরাদ্দ ২৫৮.৭১ কোটি টাকা (জিওবি-২৫৮.৭১ কোটি) এবং উন্নয়ন সহায়তার অনুকূলে ৪৯০.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। এছাড়াও অননুমোদিত প্রকল্পের জন্য ৩.০০ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ২০২৩-২০২৪ অর্থবছরে ৩১ আগস্ট ২০২৩ তারিখ পর্যন্ত ১৩টি এডিপিভুক্ত প্রকল্পের মধ্যে ১১টি প্রকল্পের ১ম কিস্তির অর্থ ছাড় করা হয়েছে। ৩১ আগস্ট ২০২৩ মাস পর্যন্ত এডিপিভুক্ত প্রকল্পের আর্থিক অগ্রগতি ০.০০%। সভাপতি এডিপিভুক্ত প্রকল্পসমূহের আর্থিক অগ্রগতি না হওয়ার কারণ জানতে চাইলে সংশ্লিষ্ট প্রকল্পের পরিচালকগণ জানান যে, প্রকল্পের ১ম কিস্তির অর্থছাড় হয়েছে আগস্ট মাসের মাঝামাঝি সময়ে। উক্ত মাসে ছাড়কৃত অর্থ নগদায়ন না হওয়া এবং প্রাকৃতিক দুর্যোগের কারণে অর্থ ব্যয় করা সম্ভব হয়নি। প্রকল্প বাস্তবায়নকারী সংস্থার প্রতিনিধিগণ জানান যে, পাহাড়ি বন্যা ও পাহাড় ধ্বসের কারণে প্রকল্পসমূহ বড় ধরণের ক্ষতির সম্মুখীন হয়েছে; তবে প্রকল্পসমূহের আর্থিক অগ্রগতি না হলেও বাস্তব অগ্রগতি দৃশ্যমান। তারা আরও বলেন, চলতি সেপ্টেম্বর, ২০২৩ মাসে আর্থিক অগ্রগতি হয়েছে যা আগামী মাসে প্রদর্শন করা হবে। এ বিষয়ে উপসচিব (উন্নয়ন) জানান যে, প্রকল্পসমূহের অর্থছাড়ের প্রস্তাব মন্ত্রণালয়ে দেরিতে পাওয়ার কারণে অর্থছাড় করতে বিলম্ব হয়েছে। মাননীয় মন্ত্রী বলেন, অর্থছাড়ের | (ক) যৌক্তিক কারণ ছাড়া কোনো প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা যাবে না এবং কোনো প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রয়োজন হলে সংশোধিত ডিপিপি প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) প্রকল্পসমূহের আওতায় কৃষি যন্ত্রপাতি (হারভেস্টার মেশিন, কফি প্রক্রিয়াজাতকরণ মেশিন, সুগার জুস প্রক্রিয়াকরণ মেশিন ইত্যাদি) প্রদানের ক্ষেত্রে নীতিমালা প্রণয়ন করে সমিতির মাধ্যমে প্রদান করতে হবে। | (ক) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ<br>(খ) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |

| | | | | |
|---|---|---|---|---|
| | | প্রস্তাবসহ সকল কার্যক্রম যথাসময়ে সম্পন্ন করতে হবে। তিনি প্রকল্পসমূহ নির্ধারিত মেয়াদের মধ্যে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন।<br>আলোচনার এ পর্যায়ে সভাপতি বলেন যে, তিনি প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ এলাকাসমূহ পরিদর্শন করেছেন। তিনি আরও জানান, ক্ষতির পরিমান নিরুপণপূর্বক প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য গত ২৯/০৮/২০২৩ তারিখ মাননীয় মন্ত্রী মহোদয় কর্তৃক অর্থ মন্ত্রী বরাবর ডি.ও লেটার এবং গত ০৬/০৯/২০২৩ তারিখ অর্থ সচিব বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। | (গ) "খাগড়াছড়ি জেলার বাজারসমূহ ও নিকটবর্তী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত পাম্প হাউসগুলোকে একটি নীতিমালা করে বাজার কমিটির নিকট হস্তান্তর করতে হবে। | (গ) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক |
| | | এ পর্যায়ে সভায় প্রকল্পভিত্তিক অগ্রগতি পাওয়ার পয়েন্টে উপস্থাপন করা হয় এবং প্রকল্প পরিচালকগণ প্রকল্পের অগ্রগতি ও বর্তমান অবস্থা সভায় উপস্থাপন করেন। সভাপতি বলেন যে, যে সকল প্রকল্পের দরপত্র আহবান করা হয়নি সে সকল প্রকল্পের দরপত্র আহবান করতে হবে। এছাড়াও যৌক্তিক কোনো কারণে কোনো প্রকল্পের ডিপিপি সংশোধনের প্রয়োজন হলে দ্রুততম সময়ের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। প্রস্তাব প্রাপ্তির পর তা সংশোধনের লক্ষ্যে মন্ত্রণালয় হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়। | (ঘ) যে সকল প্রকল্পের দরপত্র এখনও আহ্বান করা হয়নি দ্রুত সে সকল প্রকল্পের দরপত্র আহ্বান করতে হবে। | (ঘ) সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ |
| | | সভায় এডিপিভুক্ত প্রকল্পের আওতায় কৃষি যন্ত্রপাতি (হারভেস্টার মেশিন, কফি প্রক্রিয়াজাতকরণ মেশিন, সুগার জুস প্রক্রিয়াকরণ মেশিন ইত্যাদি) প্রদানের ক্ষেত্রে নীতিমালা প্রণয়ন করে সমিতির মাধ্যমে প্রদান করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া সমাপ্তকৃত এক প্রকল্পের গাড়ি অন্য প্রকল্পে ব্যবহার করার ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অনুমতি নেওয়ার জন্য এ মন্ত্রণালয়ের মাধ্যমে প্রস্তাব প্রদানের জন্য সভাপতি সংশ্লিষ্ট প্রকল্প বাস্তাবায়নকারী সংস্থাকে নির্দেশনা প্রদান করেন। এছাড়াও "খাগড়াছড়ি জেলার বাজারসমূহ ও নিকটবর্তী এলাকায় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থাকরণ" শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত পাম্প হাউসগুলোকে একটি নীতিমালা করে বাজার কমিটির নিকট হস্তান্তরের বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br><br>"পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ভবন কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পের জন্য নির্ধারিত জায়গার যে অংশ খালি রয়েছে সেখানে কাজ শুরু করার নির্দেশনা প্রদান করা হয় এবং যে অংশ অবৈধ দখলে রয়েছে সে অংশ হতে অবৈধ দখলদারদের উচ্ছেদের | (ঙ) "পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ভবন কমপ্লেক্স নির্মাণ" শীর্ষক প্রকল্পের জন্য নির্ধারিত জায়গার যে অংশ খালি রয়েছে সেখানে কাজ শুরু করতে হবে এবং যে অংশ অবৈধ দখলে রয়েছে সে অংশ হতে অবৈধ দখলদারদের উচ্ছেদের ব্যাপারে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ঙ ) পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ ও প্রকল্প পরিচালক |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ব্যাপারে সংশ্লিষ্ট জেলা প্রসাশকের সাথে যোগাযোগ অব্যাহত রাখার জন্য পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদকে নির্দেশনা প্রদান করা হয়।<br><br>সভায় আমব্রেলা প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি তিন পার্বত্য জেলা পরিষদ-কে আমব্রেলা আকারে বড় ধরনের প্রকল্প গ্রহণ কর‍ার বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | (চ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও পার্বত্য জেলা পরিষদসমূহ-কে আগামী ১৫ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে বড় ধরণের প্রকল্প (আমেব্রেলা প্রকল্প) গ্রহণ সংক্রান্ত ধারণাপত্র মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (চ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/রাঙ্গামাটি/বান্দরবান/ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ |

**আলোচ্যসূচি (ঘ): বিবিধ**

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | ২০২৩-২০২৪ অর্থবছরে নতুন স্কিম অনুমোদন ও বরাদ্দ প্রদান | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড কর্তৃক পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) এর আওতায় গৃহীত স্কিমের তালিকাসহ ডিএসপি পাওয়া গিয়েছে। এছাড়াও বান্দরবান পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ এবং খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ কর্তৃক গৃহিত স্কিমের তালিকাসহ ডিএসপি পাওয়া গেছে। প্রাপ্ত ডিপিএসসমূহ পর্যালোচনা, অনুমোদন ও সুপারিশ এর জন্য আগামী ০১/১০/২০২৩ তারিখে আন্তঃমন্ত্রণালয় সভা আহ্বান করা হয়েছে। এছাড়াও পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা (২২১০০১১০০) এবং পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা (২২১০০১০০০) এর আওতায় গৃহীতব্য স্কিমসমূহের চূড়ান্ত তালিকা পাওয়া গেছে। এ পর্যায়ে মাননীয় মন্ত্রী বলেন, প্রাপ্ত ডিপিইসিগুলো সভা অনুষ্ঠানের সাথে সাথে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। সভাপতি ২০২৩-২৪ অর্থবছরে নতুন করে গৃহীত স্কিমসমূহ মন্ত্রণালয়ের গাইডলাইন অনুযায়ী পর্যালোচনাপূর্বক ১৫ অক্টোম্বর, ২০২৩ এর মধ্যে অনুমোদনের ব্যবস্থা গ্রহণের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা (কোড-২২১০০০৯০০) এর আওতায় গৃহিত স্কিমসমূহ মন্ত্রণায়ের গাইডলাইন অনুযায়ী পর্যালোচনাপূর্বক ১৫ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিকল্পনা-১ এবং পরিকল্পনা-২ শাখা |
| ২ | সমাপ্ত প্রকল্পের পিসিআর দাখিল | যুগ্মসচিব (উন্নয়ন) সভাকে জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের ৩০ জুন ২০২৩ তারিখে ৪টি প্রকল্প সমাপ্ত হয়েছে। সমাপ্ত প্রকল্পসমূহের মধ্যে ২টি প্রকল্পের (পার্বত্য চট্টগ্রাম এলাকায় টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম এলাকায় সোলার প্যানেল স্থাপনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ প্রকল্প) পিসিআর প্রতিবেদন পাওয়া গিয়েছে। সভাপতি বলেন যে, সমাপ্তকৃত প্রকল্পসমূহের অবশিষ্ট ২টি পিসিআর আগামী ১৫ অক্টৌবর, ২০২৩ তারিখের মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | জুন ২০২৩-এ সমাপ্তকৃত ২ (দুই)টি (বান্দরবান পার্বত্য জেলায় পল্লী উন্নয়ন প্রকল্প ও পার্বত্য জেলার বিভিন্ন উপজেলায় সেচ ড্রেইন) প্রকল্পসমূহের পিসিআর আগামী ১৫ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |
| ৩ | সমাপ্ত প্রকল্পসমূহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধন | মাননীয় মন্ত্রী বলেন, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় বাস্তবায়িত বা সমাপ্তকৃত উল্লেখ্যযোগ্য প্রকল্পসমূহ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে যুগ্মসচিব (উন্নয়ন) জানান, মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনের নিমিত্ত সমাপ্তকৃত উল্লেখযোগ্য প্রকল্পসমূহের তালিকা মন্ত্রণালয়ে পাওয়া গেছে। সভাপতি প্রকল্পসমূহের তালিকা পর্যালোচনার নিমিত্ত ২৭/০৯/২০২৩ তারিখে সভা আহ্বানের নিদের্শনা প্রদান করেন। | মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনযোগ্য সমাপ্ত প্রকল্পের তালিকা দ্রুত চূড়ান্ত করতে হবে। | উন্নয়ন শাখা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪ | ‘শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র’-এর ডরমেটরির ভাড়া নির্ধারণ ও অন্যান্য | সভায় ‘শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র’-এর ডরমেটরির ভাড়া নির্ধারণের বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি ডরমেটরির ভাড়া নির্ধারণ করার জন্য গত ২৪/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত উন্নয়ন সভার সিদ্ধান্ত অনুযায়ী গঠিত কমিটি-কে আগামী ১৫/১০/২০২৩ তারিখের মধ্যে ডরমেটরির ভাড়া নির্ধারণসহ ডরমেটরি সংশ্লিষ্ট অন্যান্য বিষয় অন্তর্ভুক্ত করে খসড়া নীতিমালা প্রণয়নপূর্বক তা দাখিলের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।<br><br>তাছাড়া সভায় স্যুভেনিরশপের বিষয়ে অতিরিক্ত সচিব (প্রশাসন) বলেন, বরাদ্দকৃত স্যুভেনিরশপগুলো দ্রুত বুঝে নিয়ে মাননীয় মন্ত্রীর উপস্থিতিতে উদ্বোধনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। তিন জেলা পরিষদের চেয়ারম্যানগণ দ্রুততম সময়ের মধ্যে স্যুভেনিরশপগুলো প্রস্তুতপূর্বক উদ্বোধনের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন মর্মে নিশ্চয়তা প্রদান করেন। | ক) গঠিত কমিটি আগামী ১৫ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে ‘শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষন ও গবেষণা কেন্দ্র’-এর ডরমেটরির ভাড়া নির্ধারণসহ ডরমেটরি সংশ্লিষ্ট অন্যান্য বিষয় অন্তর্ভুক্ত করে খসড়া নীতিমালা প্রণয়নপূর্বক তা দাখিল করবেন।<br><br>খ) ‘শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষন ও গবেষণা কেন্দ্র’-এর সুভেনিরসপগুলো বুঝে নিয়ে শর্তানুযায়ী শো-রুমগুলো সজ্জিত করতে হবে এবং আগামী ১৫ অক্টোবর, ২০২৩ তারিখের মধ্যে মাননীয় মন্ত্রী কর্তৃক তা উদ্বোধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ক) যু্গ্মসচিব (প্রশাসন)<br><br>খ) পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড/ রাঙ্গামাটি/বান্দরবান/ খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ |
| ৫ | ২০২৩-২৪ অর্থবছরে সবুজ পাতায় অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্প | সভায় ২০২৩-২৪ অর্থবছরে সবুজ পাতায় অন্তর্ভুক্ত অননুমোদিত প্রকল্প নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বলেন, যে সকল প্রকল্পের অর্থায়নের জন্য অর্থ বিভাগের অনুমোদন প্রয়োজন সে সকল প্রকল্পের অর্থায়নের অনুমোদন গ্রহণের জন্য অর্থ বিভাগ-কে পত্র দিতে হবে। তিনি আরও বলেন, যেসকল প্রকল্পের ডিপিপি এখনও প্রণয়ন করা হয়নি সে সকল প্রকল্পের ডিপিপি দ্রুত প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | যে সকল প্রকল্পের অর্থায়নের জন্য অর্থ বিভাগের অনুমোদন প্রয়োজন সে সকল প্রকল্পের অর্থায়নের অনুমোদন গ্রহণের জন্য অর্থ বিভাগ-কে পত্র দিতে হবে এবং যে সকল প্রকল্পের ডিপিপি এখনও প্রণয়ন করা হয়নি সে সকল প্রকল্পের ডিপিপি দ্রুত প্রণয়ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | পরিকল্পনা-১,২ শাখা/ পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড |

০৪। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মশিউর রহমান এনডিসি
সচিব

স্মারক নম্বর: ২৯.০০.০০০০.২২৫.০৬.০০১.১৯.৯০

তারিখ: ১৮ আশ্বিন ১৪৩০
০৩ অক্টোবর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) চেয়ারম্যান, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়- রাঙ্গামাটি
২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৪) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৫) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৭) সচিব, অর্থ বিভাগ
৮) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর , পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
৯) চেয়ারম্যান , বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
১০) চেয়ারম্যান , রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
১১) অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১২) অতিরিক্ত সচিব, উন্নয়ন অনুবিভাগ, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও জাতীয় প্রকল্প পরিচালক, ‘স্ট্রেনদেনিং ইনক্লুসিভ ডেভেলপমেন্ট ইন চিটাগং হিল ট্রাক্টস” শীর্ষক প্রকল্প
১৩) চেয়ারম্যান , চেয়ারম্যান-এর দপ্তর, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ
১৪) মূখ্য নির্বাহী কর্মকর্তা, মূখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, প্রধান কার্যালয়- রাঙ্গামাটি
১৫) যুগ্মসচিব, প্রশাসন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ও প্রকল্প পরিচালক, ‘পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ কমপ্লেক্স নির্মাণ (বিশেষ সংশোধিত)’ শীর্ষক প্রকল্প, রাঙ্গামাটি
১৬) যুগ্ম সচিব, উন্নয়ন অধিশাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
১৭) মুখ্য নির্বাহী কর্মকর্তা, মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
১৮) সদস্য-বাস্তবায়ন, সদস্য-বাস্তবায়ন এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও ‘পার্বত্য চট্টগ্রাম এলাকায় সুগারক্রপ চাষাবাদ জোরদারকরণ’ শীর্ষক প্রকল্প ও সদস্য (বাস্তবায়ন), পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাঙ্গামাটি
১৯) সদস্য-পরিকল্পনা, সদস্য-পরিকল্পনা এর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, ‘পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে কফি ও কাজুবাদাম চাষরে মাধ্যমে দারিদ্র হ্রাসকরণ’ শীর্ষক প্রকল্প ও ‘পার্বত্য চট্টগ্রামে তুলা চাষ বৃদ্ধি ও কৃষকদের দারিদ্র বিমোচন’ শীর্ষব প্রকল্প
২০) পরিচালক, পরিচালক - ৫, প্রধানমন্ত্রীর কার্যালয়
২১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২২) নির্বাহী কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ ও প্রকল্প পরিচালক, ‘খাগড়াছড়ি জেলার গুরুত্বপূর্ণ বাজারসহ ও পার্শ্ববর্তী জনবসতিতে নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন’ শীর্ষক প্রকল্প
২৩) উপসচিব, পরিকল্পনা-১ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
২৪) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা-২ শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
২৫) মুখ্য নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত), মুখ্য নির্বাহী কর্মকর্তা এর দপ্তর, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

২৬) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৭) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, বান্দরবান পার্বত্য জেলা পরিষদ

২৮) নির্বাহী প্রকৌশলী (রুটিন দায়িত্ব), প্রকৌশল বিভাগ, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ

২৯) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল বিভাগ, খাগড়াছড়ি পার্বত্য জেলা পরিষদ

৩০) নির্বাহী প্রকৌশলী , ইউনিট অফিস, খাগড়াছড়ি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক , 'খাগড়াছড়ি জেলা সদরে পানি নিষ্কাশন ব্যবস্থা উন্নয়ন এবং জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে মাস্টার ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প ও প্রকল্প পরিচালক, 'পার্বত্য চট্টগামের খাগড়াছড়ি জেলার বিভিন্ন উপজলোয় সেচ ড্রেইন নির্মাণ' শীর্ষক প্রকল্প

৩১) নির্বাহী প্রকৌশলী , ইউনিট অফিস, বান্দরবান, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, 'বান্দরবান জেলার রোয়াংছড়ি উপজেলার সদর হতে রুমা উপজেলা পর্যন্ত পল্লী সড়ক নির্মাণ' শীর্ষক প্রকল্প ও 'বান্দরবান পার্বত্য জেলায় সাংগু নদীর উপর ২টি এবং সোনাইখালী খালের উপর একটি ব্রীজ নির্মাণ' শীর্ষক প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, বান্দরবান ও প্রকল্প পরিচালক, বান্দরবান পার্বত্য জেলার বান্দরবান পৌরসভা ও লামা পৌরসভার জলাবদ্ধতা দূরীকরণের লক্ষ্যে পানি ব্যবস্থার উন্নয়নের জন্য মাষ্টার ড্রেইন ও প্রকল্প পরিচালক, বান্দরবান পার্বত্য জেলায় বোর্ড কর্তৃক নির্মিত বিভিন্ন পল্লী সড়ক উন্নয়ন শীর্ষক প্রকল্প

৩২) নির্বাহী প্রকৌশলী, প্রকৌশল শাখা, রাঙ্গামাটি, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড ও প্রকল্প পরিচালক, 'রাঙ্গামাটি পার্বত্য জেলায় কৃষি উন্নয়নের লক্ষ্যে সেচ অবকাঠামো নির্মাণ' শীর্ষক প্রকল্প

৩৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (তাকে সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)

মোহাম্মদ শরীফুল ইসলাম
উপসচিব